

হুতুফা

তারিখ . 25 . MAR . 2009
পৃষ্ঠা ... ২০ কলান . ৬

মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় দুর্নীতি সবচেয়ে বেশি

এইচটি, ইমাম

ইসরাফাক রিপোর্ট
প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা
এইচ টি ইমাম বলেছেন, ডিজিটাল
বাংলাদেশ গড়তে দেশে আন্তর্জাতিকমানের
অত্যাধুনিক শিক্ষা ব্যবস্থার প্রবর্তন ঘটানো
হবে এবং পিতনের (১৯শ পৃ: ১-এর ৩:৩৫)

মাদ্রাসা শিক্ষা

(২০ পৃ: ৩৩)

শিক্ষিত করে গড়ে উঠতে সরকার
বহু পরিকল্পনা। উপদেষ্টা বলেন, দেশের শিক্ষা
ব্যবস্থায় সবচেয়ে বেশি দুর্নীতি হচ্ছে
মাদ্রাসা সেক্টরে। এমপিওভুক্ত অধিকাংশ
মাদ্রাসায়ই অস্তিত্ব নেই। শিক্ষক নেই,
ছাত্রশূন্য মাদ্রাসাও দেখা এমপিওভুক্ত করে
মাদ্রাসা শিক্ষার নামে এক শ্রেণীর ধর্ম
ব্যবসায়ী কোটি কোটি টাকা হাতিয়ে
নিচ্ছে। গতকাল মঙ্গলবার শেষ রাসেল
শিখ সংসদ আয়োজিত ঢাকা রিপোর্টার্স
ইউনিটিতে "শিখ শিক্ষায় ধর্মীয়
নিরপেক্ষতা" শীর্ষক সেমিনারে প্রধান
অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
শেখ রাসেল শিখ সংসদের আহ্বারে
সভাপতি অধ্যাপক ড. সুপতানা শফির
সভাপতিত্বে সেমিনারে বক্তব্য রাখেন
অধ্যাপক অজয় রায়, শায়খ ফিরোজুর
রহমান এলিও, শৈয়খ শামীম রেজা তালু ও
সংগঠনের সাধারণ সম্পাদক এম আবতার
হোসেন প্রমুখ।

এইচ টি ইমাম বলেন, শিক্ষার নামে
বিভিন্ন ধরে ভারতম্য রয়েছে। গ্রামীণ ও
শহরমুখী শিক্ষা ব্যবস্থার ব্যবধান কমিয়ে
আনতে হবে। তিনি বলেন, ইংলিশ
মিডিয়াম শিক্ষা ব্যবস্থায় মহান মুক্তিযুদ্ধ
এবং দেশের স্বাধীনতা সম্পর্কে পাঠ্যসূচিতে
কোন ধারণাই নেই। শিক্ষা ব্যবস্থায় আমূল
পরিবর্তন আনা হবে। তিনি বলেন,
পাঠ্যসূচিতে ইতিহাস ও তথ্য বিকৃতি রোধে
সরকার কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক
অজয় রায়। তিনি বলেন, গ্রাম্যিক শিক্ষার
ক্ষেত্রে গণগত মান অর্জন করা সম্ভব হয়নি।
সাম্প্রতিক বছরগুলোতে সাধারণ স্তরে
উর্ধ্ব সংখ্যা হ্রাস পেয়েছে। পাশাপাশি
মাদ্রাসা গ্রাম্যিক (এবতেদিয়ায়) শিক্ষার্থীর
সংখ্যা বেড়েছে শতকরা ৬৭ ভাগ।